দৈনিক ইনকিলাব

তারিখ 14 JUL 1988
পৃষ্ঠা 5 কলাম 3



# শিক্ষাঙ্গন

## সমন্বিত শিক্ষা ব্যবস্থার প্রয়োজনীয়তা

গত ২৮ মে দৈনিক ইনকিলাবের শিক্ষাঙ্গন কলামে শেখ আবদুল মতিন লিখিত 'সমন্বিত শিক্ষা ব্যবস্থার প্রয়োজনীয়তা' শিরোনামে প্রকাশিত লেখাটির প্রতি আমারে দৃষ্টি আকৃষ্ট হয়েছে। মূল্যবান লেখাটির জন্য লেখকের প্রতি রইল আন্তরিক অভিনন্দন।

বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে বিভিন্ন ধারা থাকলেও শতকরা নব্বই জনের জীবন থেকে ইসলামকে বিচ্ছিন্ন করা যাবে না। বৃটিশ সাম্রাজ্যবাদ যে দ্বিধাবিভক্ত শিক্ষা ব্যবস্থা চালু করেছিল তা অবিলম্বে বিলোপ সাধন করে দেশের উপযোগী একটি একক শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে। বিভিন্ন ধর্মাবলম্বী ছেলেমেয়েদেরকে নিজ নিজ ধর্মীয় শিক্ষা লাভের সুযোগ দিতে হবে। সৎ চরিত্রবান ও সুনাগরিকরূপে গড়ে তুলতে হলে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে।

তাই লেখকের সাথে সুর মিলিয়ে বলতে চাই সমন্বিত শিক্ষা ব্যবস্থা গড়ে উঠুক। কারণ, দুনিয়ার কোথাও একই দেশে দু'রকম শিক্ষা ব্যবস্থা নেই। আধুনিক শিক্ষা ও রক্ষণশীল মাদ্রাসা শিক্ষার জন্য সময় এবং অর্থের অপচয় হচ্ছে। উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড একই সাথে রাখার কোন যৌক্তিকতা নেই। বাংলাদেশের রাষ্ট্র ধর্ম ইসলাম স্বীকৃতি পেয়েছে। ইসলামে দু'রকম শিক্ষা ব্যবস্থার অনুমোদন দেয় না। তাই মাদ্রাসা ও আধুনিক শিক্ষাকে দেশের বহত্তম স্বার্থে এক করতে হবে। মাদ্রাসা শিক্ষা যেমন পূর্ণাঙ্গ শিক্ষা নয়, তেমনি আধুনিক শিক্ষাও অসম্পূর্ণ। ধর্মীয় শিক্ষা আমাদের যাবতীয় জীবনে কার্যকরী করতে হবে। দ্বিধাবিভক্ত শিক্ষা ব্যবস্থা পরিহার করে একটি একক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করতে হবে। তাহলে আমরা মুসলিম হিসাবে বেঁচে থাকতে পারবো।

—সৈয়দ আহমদ